



বিদ্যুতের মূল্যবৃদ্ধির প্রতিবাদে জামায়াতের বিক্ষোভ কর্মসূচি



ছবি: সংগৃহীত

বিদ্যুতের মূল্যবৃদ্ধির সিদ্ধান্তের প্রতিবাদে দেশব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটি এ সিদ্ধান্তকে জনস্বার্থবিরোধী উল্লেখ করে তীব্র নিন্দা জানিয়েছে।

বুধবার (৩ জুন) এক বিবৃতিতে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, গ্রাহক পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোর সিদ্ধান্ত সাধারণ মানুষের ওপর বাড়তি চাপ সৃষ্টি করবে। তিনি এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানান।

এর প্রতিবাদে আগামী বৃহস্পতিবার (৪ জুন) ঢাকাসহ দেশের সব মহানগরীতে বিক্ষোভ কর্মসূচি পালন করবে দলটি।

LENS ASIA